**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 6/21/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল নিউ ইয়র্কের খামার পণ্য ক্রয় বৃদ্ধি করতে এবং শিক্ষার্থীদের জন্য তাজা, স্থানীয় খাবারের ব্যবস্থা করতে 850,000 মার্কিন ডলারের বেশি প্রদানের ঘোষণা করলেন

***স্টেটের খামার-থেকে-স্কুল কর্মসূচিটি নিউ ইয়র্কের খামারিদের সমর্থন করে, কৃষি ও পুষ্টি শিক্ষা অগ্রসর করে, এবং পুরো স্টেটের স্কুলগুলিতে শিক্ষার্থীদের স্বাস্থ্য ও সুস্থতাকে উন্নত করে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটের খামার-থেকে-স্কুল (Farm-to-School) কর্মসূচির রাউন্ড 7 এর মাধ্যমে দশটি কর্মসূচিকে 850,000 মার্কিন ডলারের বেশি প্রদান করা হবে। খামার-থেকে-স্কুল কর্মসূচির মাধ্যমে প্রদত্ত তহবিল স্কুলগুলিকে স্থানীয় খামারিদের সাথে সংযুক্ত হতে, স্কুলের মেনুতে স্থানীয়ভাবে উৎপত্তি খাবার বৃদ্ধি করতে, এবং শিক্ষার্থীদের স্বাস্থ্য উন্নত করতে সাহায্য করে এবং একইসাথে নিউ ইয়র্কের খামারিদের জন্য অর্থনৈতিক লাভ বৃদ্ধি করে। চারটি সংগঠন প্রথমবারের মতো খামার-থেকে-স্কুল কর্মসূচির মাধ্যমে তহবিল পেয়েছে। পুরো নিউ ইয়র্ক স্টেটে খামার ও স্কুলগুলিকে আরো ভালোভাবে সংযুক্ত করতে এবং স্টেটের খাদ্য ব্যবস্থা জোরদার করতে স্থানীয় ক্রয় বৃদ্ধি করতে গভর্নর হোকলের অব্যাহত প্রতিশ্রুতির প্রতিফলন হলো খামার-থেকে-স্কুল কর্মসূচিটি।

"আমাদের খামার-থেকে-স্কুল কর্মসূচিটি হলো পুরো স্টেটের মানুষের কাছে আরো বেশি তাজা, স্থানীয় নিউ ইয়র্ক পণ্য পৌঁছে দিতে আমার প্রশাসনের প্রয়াসের একটি মুখ্য উপাদান," **গভর্নর হোকল বলেন।** "স্কুল এবং খামারকে সংযুক্ত করার মাধ্যমে আমরা খামারি এবং উৎপাদনকারীদের জন্য অতি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক সুযোগ প্রদান করছি এবং একইসাথে সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে স্থানীয় উৎসের, তাজা, স্বাস্থ্যকর, এবং পুষ্টিকর খাবার পাওয়ার সুযোগ প্রদান করছি।"

নিউ ইয়র্কের খামার-থেকে-স্কুল কর্মসূচিটি কিন্ডারগার্টেন থেকে 12 ক্যাফেটেরিয়াগুলিতে পরিবেশন করা খাবারে নিউ ইয়র্ক স্টেটে উৎপন্ন এবং উৎপাদিত পণ্যের ব্যবহারের প্রচার করে। খামার-থেকে-স্কুল প্রকল্পটি শিক্ষার্থীদের স্বাস্থ্য ও সুস্থতা উন্নত করে, কৃষি ও পুষ্টি শিক্ষা উন্নত করে, স্থানীয় অর্থনীতি জোরদার করে, এবং স্বাস্থ্যকর সম্প্রদায় গঠন করে। পাশাপাশি এই কর্মসূচিগুলি স্কুল ও খামারগুলিকে স্থানীয় খাবার জোগাড়, সংরক্ষণ, এবং পরিবেশনের কাঠিন্য সমাধানে সাহায্য করে, যেমন তাজা, যত সম্ভব কম প্রক্রিয়া করা খাদ্য জমা রাখা ও প্রস্তুত করার

সরঞ্জামের অভাব, সরাসরি স্কুলে বিক্রি করে এমন খামার খুঁজে পাওয়া, এবং নিউ ইয়র্কের পণ্য বহন করে এমন বিতরণকারী খোঁজ পাওয়া।

স্টেটজুড়ে এইসব সমস্যা সমাধানে প্রদত্ত অর্থের মধ্যে রয়েছে:

## ক্যাপিটাল ডিস্ট্রিক্ট

- ওয়াশিংটন কাউন্টির কমফোর্ট ফুড ইনকর্পোরেটেড (নতুন প্রাপক) - 100,000 মার্কিন ডলার: কর্মসূচিটি ওয়াশিংটন, ওয়ারেন, এবং সারাটোগা কাউন্টিজুড়ে স্কুল খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক ক্রয়কৃত নিউ ইয়র্কে উৎপন্ন খাদ্য পণ্যের পরিমাণ ও বৈচিত্র্য বৃদ্ধি করবে। এছাড়াও কর্মসূচিটি এইসব কাউন্টির শিক্ষার্থীদের জন্য হাতে কলমে কৃষি ও পুষ্টি শিক্ষা সুযোগ সমন্বয় করবে।

## ফিঙ্গার লেকস

- ক্লাইড-সাভানাহ কেন্দ্রীয় স্কুল জেলা (নতুন প্রাপক) - 100,000 মার্কিন ডলার: প্রকল্পটি এছাড়াও খামারি এবং নিউ ইয়র্ক কৃষি পণ্য বিতরণকারী মধ্যকার বিদ্যমান সম্পর্ক আরো অগ্রসর করবে এবং নতুন সম্পর্ক গঠন করবে। এছাড়াও প্রকল্পটি নতুন একটি টেকসই খামার কাজ/বাগানের কাজের অনুশীলন পাঠ্যসূচির উপর মনোনিবেশ করবে, যেখানে একটি গ্রিনহাউজ থাকবে যা স্থানীয় পণ্যের উপর গুরুত্ব দিবে, শিক্ষার্থীদেরকে স্বাস্থ্যকর খাওয়াদাওয়া এবং খাদ্য উৎপাদন, প্রস্তুত, ও সংরক্ষণ সম্পর্কে শেখানোর জন্য 1-12 গ্রেডের জন্য হাতে কলমে পুষ্টি শিক্ষার ব্যবস্থা করবে।
- এলবা স্কুল জেলা (নতুন প্রাপক) - 100,000 মার্কিন ডলার: প্রকল্পটি স্থানীয় খামার বিক্রেতাদের সাথে নতুন সম্পর্ক তৈরি এবং সেই সাথে স্কুলের জমিতে শিক্ষার্থীদের কর্তৃক উৎপন্ন করা কৃষি পণ্যের মাধ্যমে আহারে যোগ করার জন্য এলবা স্কুল জেলা কর্তৃক সংগৃহীত নিউ ইয়র্ক স্টেটের কৃষি পণ্যের পরিমাণ ও বৈচিত্র্য বৃদ্ধি করবে।

## মোহক ভ্যালি

- ওনিডা কাউন্টির কর্নেল কোঅপারেটিভ এক্সটেনশন (Cornell Cooperative Extension, CCE)  - 99,954 মার্কিন ডলার: নিউ ইয়র্ক স্টেটে আবশ্যিক স্থানীয় খাদ্য সংগ্রহ প্রক্রিয়া পূরণ করতে ওনিডা কাউন্টির স্কুল জেলাগুলিকে সাহায্য করার জন্য এই কর্মসূচিটি কাজ করবে। এছাড়াও কর্মসূচিটি খামারিদেরকে খাদ্য সেবা নেটওয়ার্কে সংযোগ তৈরি করতে সাহায্য করবে।

## নিউ ইয়র্ক সিটি

- NYC শিক্ষা বিভাগ - 100,000 মার্কিন ডলার: নিউ ইয়র্ক সিটি শিক্ষা বিভাগের (New York City Department of Education Office of Nutrition Services, DOE OFNS) পুষ্টি সেবা অফিস একটি DOE নির্দিষ্ট উৎপাদনকারী প্রশিক্ষণ তৈরির মাধ্যমে স্কুলের আহারে নিউ ইয়র্ক কৃষি পণ্যের পরিমাণ ও বৈচিত্র্য বৃদ্ধি করবে। প্রশিক্ষণটি বিশেষ করে NYC DOE OFNS এর কাছে বিক্রি করার প্রয়োজনীয় সরঞ্জাম ও জ্ঞান প্রদান করবে এবং অতিরিক্ত সংশ্লিষ্ট প্রত্যয়ন অর্জনে তাদের সহায়তা করবে।

## নর্থ কান্ট্রি

- সারানাক লেক কেন্দ্রীয় স্কুল জেলা - 36,106.16 মার্কিন ডলার: স্থানীয় খামার অংশীদারদের সংখ্যা বৃদ্ধির মাধ্যমে প্রকল্পটি সারানাক লেক কেন্দ্রীয় স্কুল কর্মসূচিগুলিতে নিউ ইয়র্ক স্টেটের কৃষি পণ্যের বৈচিত্র্য বৃদ্ধি করবে। এছাড়াও গবেষণা এবং এইসব পণ্য উৎপাদনকারী খামারের সাথে সংযুক্ত হওয়ার মাধ্যমে এটি শিক্ষার্থীদেরকে পরিবেশিত হোল গ্রেইন এবং লেগইয়ুমের বৈচিত্র্য বৃদ্ধি করবে।
- ফ্র্যাঙ্কলিন কাউন্টির কর্নেল কোঅপারেটিভ এক্সটেনশন অ্যাসোসিয়েশন (নতুন প্রাপক) - 100,000 মার্কিন ডলার: কর্মসূচিটি ফ্র্যাঙ্কলিন কাউন্টির কর্নেল কোঅপারেটিভ এক্সটেনশন অ্যাসোসিয়েশন এবং ফ্র্যাঙ্কলিন কাউন্টির তিনটি স্কুল জেলার মধ্যকার একটি সহযোগিতামূলক অংশীদারিত্বের উপর মনোনিবেশ করবে যা স্কুলের আহার কর্মসূচিসমূহে নিউ ইয়র্ক স্টেটের কৃষি পণ্যের পরিমাণ ও বৈচিত্র্য বৃদ্ধি করতে সাহায্য করবে।
- এসেক্স কাউন্টির কর্নেল কোঅপারেটিভ এক্সটেনশন অ্যাসোসিয়েশন - 64,717 মার্কিন ডলার: এই কর্মসূচির মাধ্যমে CCE এসেক্স ক্লিন্টন, এসেক্স, এবং ফ্র্যাঙ্কলিন কাউন্টির 14টি স্কুল জেলাকে আঞ্চলিক মাত্রায় স্থানীয় খাদ্য জোগাড় করতে সহায়তা করবে। কর্মসূচিটি এছাড়াও স্কুল জেলাগুলিতে মাসিক শ্রেণীকক্ষের কৃষি এবং মাসের ফসল উত্তোলন পাঠ্যসূচি প্রদান করবে।

## সাউদার্ন টিয়ার

- ব্রুম ডেলাওয়্যার টিয়োগা সমবায় শিক্ষা সেবা বোর্ড (Board of Cooperative Educational Services, BOCES) - 100,000 মার্কিন ডলার: ব্রুম টিয়োগা BOCES এবং সম্প্রদায়ের অংশীদারগণ খামার থেকে স্কুলের প্রয়াসের ধারণক্ষমতা বৃদ্ধির জন্য খাদ্য সেবা কর্মীদের রন্ধনসংক্রান্ত প্রশিক্ষণ বৃদ্ধির জন্য সহযোগিতামূলক কাজ করবে; স্থানীয় ক্রয় সম্প্রসারিত করবে; নিউ ইয়র্কের উৎপাদনকারীদের সাথে নতুন সম্পর্ক গঠন করবে; এবং শিক্ষার্থীদের জন্য সার্বিক শিক্ষা প্রদান করবে। প্রকল্পটি ব্রুম এবং টিয়োগা কাউন্টির 15টি স্কুল জেলাকে সেবাদান করবে।
- উইন্ডসর কেন্দ্রীয় স্কুল জেলা - 100,000 মার্কিন ডলার: প্রকল্পটি উইন্ডসর কেন্দ্রীয় স্কুল জেলার স্কুলের আহার কর্মসূচিতে ব্যবহৃত নিউ ইয়র্ক স্টেটের কৃষি পণ্যের পরিমাণ বৃদ্ধি

করবে এবং কৃষি শিক্ষা উন্নত করতে জেলার ল্যান্ড ল্যাবের অবকাঠামো ও ধারণক্ষমতা বৃদ্ধি করবে।

**নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন,** "আমাদের স্কুলগুলিতে এবং আমাদের স্কুলের শিশুদের জন্য খামারের তাজা, স্থানীয় খাদ্য ক্রয়, প্রস্তুত ও পরিবেশন করার তাদের ক্ষমতায় নিউ ইয়র্ক স্টেটের খামার-থেকে-স্কুল কর্মসূচিটি মুখ্য প্রভাব রাখা অব্যাহত রেখেছে। আজকে অর্থপ্রাপ্ত একাধিক স্কুল ও সংগঠন প্রথমবারের মতো অংশগ্রহণ করছে এবং পুরো স্টেটে আমরা যে এই কর্মসূচির আওতা বৃদ্ধি করা অব্যাহত রাখছি তা আমাদের হৃদয় স্পর্শ করেছে। আমাদের কৃষি শিল্পখাতের প্রতি গভর্নর হোকলের অব্যাহত প্রতিশ্রুতির জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি এবং এই প্রকল্পের অগ্রগতি এবং আমাদের কৃষি সম্প্রদায়ে এটি যেই লাভ নিয়ে আসবে তা দেখতে আমি উন্মুখ।"

**সিনেটর কৃষি কমিটির প্রধান সিনেটর মিশেল হিঞ্চি বলেন,** "আমাদের স্টেটজুড়ে খামার-থেকে-স্কুল অংশীদারিত্ব বৃদ্ধির মাধ্যমে আমরা স্কুলের লাঞ্চেটেবিলে সরাসরি স্বাস্থ্যকর, স্থানীয়ভাবে উৎপন্ন খাদ্য নিয়ে আস্তে পারি এবং নিউ ইয়র্কের খামারিদের জন্য শক্তিশালী গ্রামীণ অর্থনৈতিক বিকাশ প্রদান করতে পারি। নিউ ইয়র্কের খামার-থেকে-স্কুল কর্মসূচি সম্প্রস্রান করার একটি মুখ্য প্রবক্তা হিসেবে, স্কুলগুলিকে তাদের শিক্ষার্থী ও স্কুল সম্প্রদায়কে সমর্থন করার জন্য প্রথমবারের মতো কর্মসূচি তৈরিতে সাহায্য করে এই অনুদান প্রদান হতে দেখে আমি খুশি।"

**অ্যাসেম্বলি সদস্য ডোনা লুপার্ডো বলেন,** "নিউ ইয়র্কের খামার-থেকে-স্কুল কর্মসূচিটি আমাদের স্কুলগুলিকে তাজা, স্থানীয়ভাবে উৎপন্ন এবং উৎপাদিত খাদ্য তাদের শিক্ষার্থীদেরকে প্রদান করার একটি সুযোগ প্রদান করে। বিদ্যমান কর্মসূচিগুলির তহবিল অব্যাহত রাখার পাশাপাশি পুরো স্টেটে আরো সংগঠনকে অন্তর্ভুক্ত করার জন্য এই কর্মসূচিকে সম্প্রসারিত হতে দেখে আমি খুশি। পুরো নিউ ইয়র্কে একটি প্রাণবন্ত, স্থানীয় খামার অর্থনীতি ধরে রাখা ও বিকাশ করার জন্য খামার-থেকে-স্কুলের মাধ্যমে তৈরি সম্পর্কগুলি প্রয়োজন।"

**কমফোর্ট ফুড কমিউনিটির নির্বাহী পরিচালক এমি কলিন্স বলেন,** "এই অর্থলাভ করে কমফোর্ট ফুড কমিউনিটি অতি আনন্দিত। আমাদের এলাকার স্কুলগুলিতে আরো বেশি স্থানীয় পণ্য প্রদানের সুযোগ টোরি করতে আমাদের স্থানীয় কৃষি সম্প্রদায়ের সঙ্গে আমাদের সম্পর্ককে সম্প্রসারিত করার উপায় নিয়ে আমরা তৈরি ও উৎসুক।"

**ফ্র্যাঙ্কলিন কাউন্টির কর্নেল কোঅপারেটিভ এক্সটেনশন অ্যাসোসিয়েশনের নির্বাহী পরিচালক স্কট গর্ডন বলেন,** "নিউ ইয়র্ক স্টেটের খামার-থেকে-স্কুল কর্মসূচির নতুন অর্থপ্রাপক হিসেবে নির্বাচিত হতে পেরে ফ্র্যাঙ্কলিন কাউন্টির কর্নেল কোঅপারেটিভ এক্সটেনশন অ্যাসোসিয়েশন সম্মানিত হয়েছে। নর্দার্ন নিউ ইয়র্কে খামার-থেকে-স্কুলের ক্রমবর্ধমান গতিবেগ কাজে লাগানোর জন্য  তহবিলটি অ্যাসোসিয়েশনকে তিনটি অংশীদার স্কুলের সাথে স্থানীয় খামারিদের সংযুক্ত করার জন্য খামার-থেকে-স্কুল খামার-থেকে-স্কুল সমন্বয়ক নিয়োগ করবে। কর্মসূচিটি হলো নর্থ কান্ট্রির খামারিদের জন্য অর্থনৈতিক সুযোগ বৃদ্ধি এবং শিক্ষার্থীদের জন্য স্বাস্থ্যকর, স্থানীয় খাদ্য পাওয়ার সুযোগ বৃদ্ধি উভয়ের জন্য একটি বিজয়।"

**ক্লাইড-সাভানাহ কেন্দ্রীয় স্কুল জেলার সুপারিন্টেনডেন্ট মাইকেল সি. হেইডেন বলেন,** "খামার-থেকে-স্কুল অনুদানটি হলো আমাদের শিক্ষার্থীদের স্বাস্থ্য ও সুস্থতাকে অগ্রাধিকার প্রদানের জন্য আমাদের সামগ্রিক প্রয়াসের একটি প্রমাণস্বরূপ। এটি আরো টেকসই ও আন্তঃসংযুক্ত একটি সম্প্রদায় তৈরির দিকে একটি অগ্রগামী ধাপ। আমাদের প্রতিশ্রুতির স্বীকৃতি দানের জন্য এবং আমাদেরকে এই দুর্দান্ত সুযোগ প্রদান করার জন্য নিউ ইয়র্ক স্টেটের কৃষি ও বাজার বিভাগের (Department of Agriculture and Markets, AGM) প্রতি আমি আমার গভীর কৃতজ্ঞতা প্রকাশ করতে চাই। একত্রে আমরা আমাদের শিক্ষার্থীদের ক্ষমতায়ন, তাদের টেকসই অনুশীলনের গুরুত্ব সম্পর্কে শিক্ষাদান, এবং আমাদের স্কুল ও আমাদের স্থানীয় কৃষি সম্প্রদায়ের মধ্যকার সম্পর্কের মূল্য দিতে ও তা পালন করার জন্য একটি প্রজন্মকে উৎসাহিত করা অব্যাহত রাখবো।"

**ক্লাইড-সাভানাহ কেন্দ্রীয় স্কুল জেলার খাদ্য সেবা পরিচালক ডোনা রিভিয়ালো বলেন,** "NY স্টেটের কৃষি ও বাজার বিভাগ থেকে এই অনুদানটি পেয়ে আমি অত্যন্ত আনন্দিত। এই তহবিলটি আমাদের জেলাকে আমাদের নিজেদের সম্প্রদায়ের স্থানীয় খামারি এবং উৎপাদনকারীদের সাথে আমাদের বর্তমান অংশীদারিত্ব সম্প্রসারিত ও বক্সটি করতে সাহায্য করবে। তাজা, স্থানীয় উৎসের, এবং একদম শুরু থেকে তৈরি খাবার তৈরির জন্য আমাদের দারুণ খাদ্য সেবা কর্মীরা ইতিমধ্যে যে দারুণ কাজ করছে তাতে এটি সহায়তা করবে। কিন্তু আমার মনে হয় আমি সবথেকে বেশি খুশি এই ব্যাপারে যে এই তহবিলটি টেকসই খাদ্য ব্যবস্থা তৈরিতে আমাদের শিক্ষার্থীদের জন্য আমাদের বর্তমান নির্দেশনার সাথে হাতে কলমে শিক্ষার অভিজ্ঞতা যোগ করবে, যা আমাদের শিশুদের তাজা, পুষ্টিকর খাদ্য ফলানো, ফসল উত্তোলন এবং সংরক্ষণ শেখাবে। আমি "ডিগ ইন" করতে এবং কাজ শুরু করতে অতিমাত্রায় উৎসুক।"

**ব্ল্যাক ক্রিক ফার্মসের প্যাট্রিক হার্পার বলেন,** "গত বছর ক্লাইড-সাভানাহের সাথে আমরা যেই অংশীদারিত্ব করেছি, ব্ল্যাক ক্রিক ফার্মসে আমরা তা অব্যাহত ও সম্প্রসারিত করার জন্য উৎসুক। ক্লাইড-সাভানাহের একজন অ্যালামনাই হিসেবে এবং স্থানীয় 5ম প্রজন্মের কৃষক হিসেবে, আমাদের সম্প্রদায়ে কৃষির গুরুত্বপূর্ণ স্থান আমরা বুঝি। তাজা পণ্যের উৎপাদন প্রক্রিয়া সম্পর্কে শিক্ষার্থীদের জানাতে এবং মাঠে হাতে কলমে অভিজ্ঞতা প্রদান করতে আমরা উন্মুখ।"

নিউ ইয়র্ক স্টেটের খামার-থেকে-স্কুল কর্মসূচিটি পরিচালনা করে নিউ ইয়র্ক স্টেটের কৃষি ও বাজার বিভাগ। স্কুল জেলা এবং স্বতন্ত্র স্কুল দ্বারা স্থানীয় খাদ্য ক্রয় বৃদ্ধি করতে কর্মসূচিটি 2015 সালে শুরু করা হয়। মোট 61টি স্কুল জেলা বা স্কুলের এবং খামারের সাথে কাজ করা অলাভজনক সংগঠন 2015 সাল  থেকে নিউ ইয়র্ক স্টেটজুড়ে খামার-থেকে-স্কুল প্রয়াসের সমর্থনে 7.1 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে।

খামার-থেকে-স্কুল কর্মসূচির পাশাপাশি, AGM এছাড়াও নিউ ইয়র্ক স্টেট 30 শতাংশ উদ্যোগ পরিচালিত করে, এটির উদ্দেশ্য হলো নিউ ইয়র্কের খামারিদের থেকে আরো বেশি স্থানীয় পণ্য ক্রয় করা এবং নিউ ইয়র্ক স্কুল লাঞ্চে স্বাস্থ্যকর ও পুষ্টিকর স্থানীয় খাবার বৃদ্ধি করা। 30 শতাংশ উদ্যোগ এবং খামার-থেকে-স্কুল কর্মসূচি সম্পর্কে আরো জানুন এই ঘোষণাটি 2024 স্টেট বাজেটে গভর্নরের সাম্প্রতিক পদক্ষেপের অনুবর্তী, যা স্থানীয় খাদ্য ও খাদ্য পণ্য ক্রয়ের জন্য

স্কুলগুলির ঐচ্ছিক সীমা 20,000 মার্কিন ডলার থেকে 150,000 মার্কিন ডলারে বৃদ্ধি করে, যা পূর্বের সীমার তুলনায় উল্লেখযোগ্য পরিমাণ বেশি।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন